



TRIPURA COMMISSION FOR WOMEN

Office: H. G. Basak Road, Melarmath, Agartala, Tripura (W), Pin: 799001
Telephone : 0381-232 2912 / Tele Fax : 0381-232 3355
e-mail: tripuracommissionforwomen@gmail.com

Ref. No. :

F.7(1)TCW/PC/G-Rape/SL-27/2023 / 657-58
F.7(1)TCW/PC/Dowry Death/ SL-26/2023 / 657-58

Date :

Date : 12/05/2023

প্রেস রিলিজ

“ ধর্ষণের শিকার কলেজ ছাত্রী শহরজুড়ে চাঞ্চল্য আটক ১ ” শীর্ষক খবরের ভিত্তিতে মহিলা কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী, মাননীয় ভাইস-চেয়ারপার্সন শ্রীমতী অস্মিতা বনিক এবং কমিশনের কাউন্সিলার শ্রীমতী মৌসুমী পাল ঘটনার তদন্তে গতকাল জি বি পি হাসপাতালে যান। নির্যাতিতা মহিলার শারীরিক অবস্থার খোঁজখবর নেন। তারপর নির্যাতিতা ও তার পিতা মাতার সাথে কথা বলেন। নির্যাতিতা জানায় বাড়ী পৌছে দেবার নাম করে গৌতম শর্মা নামে একজন তাকে গাড়ীতে উঠায়। গৌতম তার পরিচিত তাই কোনো দ্বিধা না করে সে মারুতী গাড়ীতে উঠে পড়ে। গাড়ীতে আরো দুজন ছিল। কিছুক্ষণ পর তারা ফোন করে আরো একজনকে গাড়ীতে তুলে। গাড়ীতে জোরপূর্বক তাকে টেবলেট ও মদ খাওয়ানো হয়। গাড়ীটি একটি অন্ধকার জায়গায় নিয়ে গিয়ে চারজন মিলে তাকে ধর্ষণ করে।

অনেক খোঁজাখোঁজির পর বাড়ীরলোক তাকে অজ্ঞান অবস্থায় উদ্ধার করে জি বি পি হাসপাতালে ভর্তি করান এবং বর্তমানে সে চিকিৎসাধীন রয়েছে।

স্থানীয় পত্রিকায় প্রকাশিত “ মা-শিশুর রহস্য মৃত্যু ” শীর্ষক অপর একটি খবরের ভিত্তিতে আজ মহিলা কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী, মাননীয় ভাইস-চেয়ারপার্সন শ্রীমতী অস্মিতা বনিক, মাননীয় সদস্য শ্রীমতী ডালিয়া সিংহ এবং কমিশনের কাউন্সিলার শ্রী মান্না সাহা ঘটনার তদন্তে বিলোনীয়া থানাধীন অভয়নগর নলুয়াতে যান। প্রতিনিধি দলটি মৃত গৃহবধুর মা শ্রীমতী ঝর্ণা পাটারী দাসের সাথে কথা বলেন। তিনি জানান উনার মেয়ে স্বর্গীয় স্বস্তি পাটারী ভালবেসে শ্রী রাজীব দাসের সাথে বিয়ে করেছিলেন। তাদের একটি কন্যা সন্তান হয়েছিল। কিন্তু বিয়ের কিছু সময় পর থেকেই উনার মেয়ের উপর স্বামী, শ্বশুর ও শাশুড়ী মিলে মানসিক ও শারীরিক নির্যাতন করত। গত চৈত্র মাসে তাদের সন্তান অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি ছিল কিন্তু উনার মেয়ে জামাই কোন খোঁজখবর ও খরচাপাতি দেননি। তাই উনার মেয়ে নিরুপায় হয়ে চিকিৎসার পর বাপের বাড়ী চলে যান। পরে শ্বশুরবাড়ী গেলে এই নিয়ে অশান্তি হয় ও উনার মেয়ে নির্যাতনের শিকার হন। গত ৫ তারিখেও উনার মেয়ের উপর তার স্বামী প্রচণ্ড শারীরিক নির্যাতন করেছেন বলে উনি জানান এবং ঐদিন রাত্র আনুমানিক ৯ টার সময় টেলিফোন মারফৎ তিনি জানতে পারেন উনার মেয়ে তার ছোট্ট কন্যা শিশু সন্তান সহ আত্মহত্যা করেছেন। তিনি মনে করেন ক্রমাগত নির্যাতনের শিকার হয়েই আর সহ্য করতে না পেরে উনার মেয়ে আত্মহত্যার পথ বেঁচে নিতে বাধ্য হয়েছেন। তিনি এই ঘটনায় যুক্ত সকলের কঠোর শাস্তি চান।

মহিলা কমিশনের পক্ষ থেকে এই দুটি মর্মান্তিক ঘটনার তীব্র নিন্দা জানানো হয় এবং সুষ্ঠু তদন্ত ক্রমে দোষীদের কঠোর শাস্তি দাবী করা হয়।

মহিলা কমিশন নির্যাতিতা পরিবারের পাশে রয়েছে এবং তাদের প্রতি সর্বকম সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে যাতে তারা দ্রুত ন্যায় বিচার লাভ করতে পারে।

Dalia Ghosh
12/5/23

সদস্য

ত্রিপুরা মহিলা কমিশন।